

১৯ জুলাই ২০০৮ শনিবার

ব্র্যাক ইউনিভার্সিটিতে সেন্টার ফর ল্যাঙ্গুয়েজস চালু

সম্প্রতি ব্র্যাক ইউনিভার্সিটিতে চালু হলো সেন্টার ফর ল্যাঙ্গুয়েজস। এ সেন্টার এখন থেকে বাংলা ছাড়াও স্প্যানিশ, ফ্রেঞ্চ, চাইনিজ, রাশিয়ান ও অন্যান্য বিদেশি ভাষার মৌলিক এবং সাধারণ বিষয়গুলোর ওপর কোর্স চালু করবে।

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান প্রফেসর নজরুল ইসলাম বৃহস্পতিবার ব্র্যাক সেন্টারে এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ব্র্যাক ইউনিভার্সিটির প্রো-ভাইস চ্যান্সেলর ড. সালেহউদ্দীন আহমেদ।

উল্লেখ্য, ব্র্যাক ইউনিভার্সিটির শিক্ষার্থীদের ইংরেজি ভাষার দক্ষতা উন্নয়নের লক্ষ্যে ২০০৫ সালে সেন্টার ফর ল্যাঙ্গুয়েজসের (আগের নাম ইংলিশ ল্যাঙ্গুয়েজ প্রোগ্রাম) যাত্রা শুরু হয়। বিজ্ঞপ্তি